রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জানুয়ারি ১৬, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/১১ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-১০-আইন/২০২৪।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৫ মে, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) ''আত্তীকৃত শিক্ষক ও কর্মচারী'' অর্থ এই বিধিমালার অধীন চাকরিতে নিয়মিতকৃত ও স্থায়ীকৃত কোনো শিক্ষক ও কর্মচারী;

(২) ''এডহক নিয়োগ'' অর্থ বিধি ৫ এর অধীন এডহকভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোনো শিক্ষক ও কর্মচারী;

(৩) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;


**মূল্য :** টাকা ৮.০০

(৪) ''কর্মচারী'' অর্থ সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে নিয়োজিত কোনো কর্মকর্তা বা কর্মচারী যিনি মহাপরিচালক কর্তৃক নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপের পূর্বে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন;

(৫) ''কার্যকর চাকরিকাল'' অর্থ সরকারিকরণের অব্যবহিত পূর্ব পর্যন্ত শিক্ষক ও কর্মচারীগণের বিরতিহীন মোট চাকরিকালের ৫০ (পঞ্চাশ) ভাগ চাকরি;

(৬) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;

(৭) ''প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা'' অর্থ বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল ও কলেজ) এ শিক্ষক ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, জারীকৃত প্রজ্ঞাপন, আদেশ, পরিপত্র, ইত্যাদি দ্বারা নির্দিষ্টকৃত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা;

(৮) "বোর্ড বা নিয়োগ বোর্ড" অর্থ সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর কতিপয় পদে নিয়োগের নিমিত্ত প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় নির্বাচনী বোর্ড বা যাচাই-বাছাই কমিটি;

(৯) ''মহাপরিচালক'' অর্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর মহাপরিচালক;

(১০) ''শিক্ষক'' অর্থ সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর পূর্ণকালীন প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষক যিনি মহাপরিচালক কর্তৃক নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপের পূর্বে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন;

(১১) ''সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" অর্থ সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সরকারি হিসাবে ঘোষিত এমন কোনো বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল ও কলেজ) যাহার পরিচালনার কর্তৃত্বসহ স্থাবর ও অস্থাবর সম্পত্তি সরকারের অনুকূলে রেজিস্ট্রিকৃত দলিলমূলে বা অন্য কোনোভাবে হস্তান্তর করা হইয়াছে এবং সরকার উক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল ও কলেজ) এর সার্বিক দায়িত্ব গ্রহণ করিয়াছে;

**ব্যাখ্যা।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, "মাধ্যমিক বিদ্যালয়" অর্থে নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ও অন্তর্ভুক্ত হইবে; এবং

(১২) ''স্থানান্তরিত পদ'' অর্থ বিধি ৪ এর অধীন স্থানান্তরিত কোনো পদ।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, প্রবিধানমালা, পরিপত্র, আদেশ বা নির্দেশে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪। **পদ স্থানান্তর**।—মহাপরিচালক কর্তৃক কোনো নির্বাচিত বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল ও কলেজ) এর নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপ করিবার তারিখ পর্যন্ত নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণের বিদ্যমান পদসমূহ সরকারিকরণের তারিখ হইতে উক্ত সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল ও কলেজ) এর পদ হিসাবে স্থানান্তরিত হইবে।

৫। **শিক্ষক ও কর্মচারীর এডহক নিয়োগ**।—(১) এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, বিধি ৬ এর বিধান এবং প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা পূরণ সাপেক্ষে, কোনো শিক্ষক ও কর্মচারী সরকারিকরণের পূর্বে যেই পদে নিয়োগপ্রাপ্ত রহিয়াছেন, সেই পদে বা সমমানের পদে সরকারিকরণ ঘোষণার তারিখ হইতে তাহাকে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান করা যাইবে।

(২) নিয়োগপ্রাপ্ত কোনো শিক্ষক ও কর্মচারীর কোনো পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকিলে তাহাকে তাহার নিয়োগকৃত পদে বিধি ৬ এর শর্ত পূরণ সাপেক্ষে এডহক ভিত্তিতে প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখে নিয়োগ প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিয়োগের পর অবসর, চাকরিচ্যুতি, মৃত্যু বা অন্য যে কোনো কারণে পদটি শূন্য হইলে তাহা স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত বলিয়া গণ্য হইবে।

(৩) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট কর্তৃক প্রতিষ্ঠিত বা স্থাপিত বা অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়সমূহের ক্ষেত্রে সরকারিকরণের আওতায় আত্তীকরণের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাদি শিথিলযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

৬। **এডহক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা**।—এই বিধিমালার অধীন কোনো শিক্ষক ও কর্মচারী নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন বা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) তিনি এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(গ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিকেল বোর্ড বা উক্ত অধিদপ্তর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো মেডিকেল অফিসার সংশ্লিষ্ট পদের জন্য তাহাকে স্বাস্থ্যগতভাবে যোগ্য বলিয়া প্রত্যয়ন না করেন; এবং

(ঘ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

৭। **বয়সসীমা**।—(১) এই বিধিমালার অধীন সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর শিক্ষক ও কর্মচারীগণের আত্তীকরণের উদ্দেশ্যে নিয়োগের ক্ষেত্রে কোনো বয়সসীমা থাকিবে না।

(২) বিদ্যালয় সরকারিকরণের দিন কোনো শিক্ষক ও কর্মচারীর বয়স সরকারি চাকরিতে যেই বয়সে অবসরে গমন করেন, সেই বয়স অতিক্রম করিলে তিনি নিয়োগযোগ্য হইবেন না।

(৩) কোনো শিক্ষক ও কর্মচারী বিদ্যালয় সরকারি ঘোষণার তারিখে চাকরিতে বহাল থাকিলে এবং উক্ত সময় কমপক্ষে ১ (এক) দিন হইলেও সরকারিকরণের তারিখ হইতে চাকরি অবসরকালীন সময় পর্যন্ত সময়কাল আত্তীকরণের অধীন হইবে এবং কার্যকর চাকরিকাল হিসাবে তিনি বিধি মোতাবেক সুযোগ-সুবিধা প্রাপ্য হইবেন।

৮। **এডহক নিয়োগ নিয়মিতকরণ**।—(১) এডহক নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীর প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে, প্রযোজ্য ক্ষেত্রে, কমিশন বা বোর্ডের সুপারিশের আলোকে উক্ত শিক্ষক ও কর্মচারীর চাকরি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ করা হইবে।

(২) কোনো শিক্ষক ও কর্মচারীর প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকিলে সরকার কোনো পদে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জনের জন্য তাহাকে ৫ (পাঁচ) বৎসর সময়ের সুযোগ প্রদান করিয়া তাহাকে এডহক নিয়োগ প্রদান করিতে পারিবে এবং উক্ত সময়ে প্রয়োজনীয় যোগ্যতা অর্জনে ব্যর্থ হইলে তাহার চাকরির অবসান ঘটিবে:

তবে শর্ত থাকে যে, কোনো শিক্ষক ও কর্মচারীর জন্য প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা বা শিক্ষাগত ডিগ্রি বা সনদ না থাকিলে এবং উক্ত শিক্ষক ও কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর বা তাহার বেশি হইলে বা সরকারিকরণের দিন হইতে ৫০ (পঞ্চাশ) বৎসরের বেশি হইলে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে, প্রযোজ্য ক্ষেত্রে, কমিশন বা বোর্ডের সুপারিশের আলোকে তাহাকে নিয়মিতকরণ করা যাইবে।

৯। **চাকরি স্থায়ীকরণ**।—(১) এডহক নিয়োগ নিয়মিতকরণের পর নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো শিক্ষক ও কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে চাকরিতে স্থায়ী করিতে পারিবে, যথা:—

(ক) সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর শিক্ষক ও কর্মচারীকে এডহক নিয়োগের তারিখ হইতে অব্যাহতভাবে ২ (দুই) বৎসরের চাকরি; এবং

(খ) উল্লিখিত শিক্ষক ও কর্মচারীর কমপক্ষে ২ (দুই) বৎসরের সন্তোষজনক চাকরিসহ বাৎসরিক গোপনীয় অনুবেদন (এসিআর)।

(২) আত্তীকরণের উদ্দেশ্যে সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর শিক্ষক ও কর্মচারীগণকে এই বিধিমালার বিধান অনুযায়ী স্থানান্তরিত পদে এডহক নিয়োগ নিয়মিতকরণের পর চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরির ধারাবাহিকতা অক্ষুণ্ণ থাকিলে এবং চাকরি স্থায়ীকরণের আনুষ্ঠানিকতা সম্পন্ন হইলে তাহার চাকরি স্থায়ীকরণ কার্যকর হইবে।

(৩) বিধি ৫, ৬ ও ৮ এ যাহা কিছুই থাকুক না কেন, আত্তীকরণ প্রক্রিয়ায় বিলম্ব বা দীর্ঘসূত্রিতার কারণে প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখের পরে বয়স উত্তীর্ণ, অবসরে গমন, মৃত্যুবরণ অথবা শারীরিক বা মানসিক অসমর্থতার কারণে অবসর গ্রহণ বা মৃত্যুবরণ বা, ক্ষেত্রমত, শারীরিক বা মানসিকভাবে অসমর্থ শিক্ষক ও কর্মচারী, সরকারিকরণের তারিখে ভূতাপেক্ষভাবে নিয়োগপ্রাপ্ত হইবেন এবং কার্যকর চাকরিকাল গণনা করিয়া বিধি মোতাবেক সরকারি সুযোগ-সুবিধা প্রাপ্য হইবেন এবং পেনশন, গ্র্যাচুইটি ও অন্যান্য সুবিধা ইত্যাদি প্রাপ্তির ক্ষেত্রে তাহাদের জন্য প্রযোজ্য যোগদান, নিয়মিতকরণ ও স্থায়ীকরণের বিষয়টি শিথিলযোগ্য বলিয়া বিবেচিত হইবে:

তবে শর্ত থাকে যে,—

(ক) এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মৃত্যুবরণ বা, ক্ষেত্রমত, অসমর্থ হইবার পূর্বের চাকরিকাল সন্তোষজনক হইতে হইবে; এবং

(খ) শারীরিক বা মানসিক অসমর্থতার ক্ষেত্রে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর ধারা ১৮ এর অধীন নিবন্ধিত ও রেজিস্টারভুক্ত চিকিৎসক কর্তৃক প্রদত্ত সনদ থাকিতে হইবে।

১০। **বেতন-ভাতাদি নির্ধারণ**।—এডহক নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণ সংশ্লিষ্ট সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় সরকারিকরণের তারিখ হইতে বিদ্যমান জাতীয় বেতন স্কেলের সংশ্লিষ্ট গ্রেডের প্রারম্ভিক ধাপে স্ব-স্ব পদের বেতন-ভাতাদি প্রাপ্য হইবেন।

১১। **শিক্ষক ও কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণ**।—(১) বিধি ৫ এর অধীন কোনো শিক্ষকের এডহক নিয়োগ প্রদানের তারিখ হইতে কার্যকর চাকরিকালের ভিত্তিতে শিক্ষক পদে তাহার জ্যেষ্ঠতা গণনা করা হইবে এবং উক্ত তারিখের অব্যবহিত পূর্বে কমিশন কর্তৃক শিক্ষক পদে সুপারিশপ্রাপ্ত সর্বশেষ ব্যক্তির নিম্নে উক্ত শিক্ষকের অবস্থান নির্ধারিত হইবে।

(২) বিধি ৫ এর অধীন কোনো কর্মচারীর এডহক নিয়োগ প্রদানের তারিখ হইতে কার্যকর চাকরিকালের ভিত্তিতে কর্মচারী পদে তাহার জ্যেষ্ঠতা গণনা করা হইবে এবং উক্ত তারিখের অব্যবহিত পূর্বে কমিশন বা, ক্ষেত্রমত, বোর্ড কর্তৃক কর্মচারী পদে সুপারিশপ্রাপ্ত সর্বশেষ ব্যক্তির নিম্নে উক্ত কর্মচারীর অবস্থান নির্ধারিত হইবে।

(৩) এডহক নিয়োগ প্রদানের পর কোনো শিক্ষক ও কর্মচারীগণের পারস্পরিক জ্যেষ্ঠতা তাহাদের স্ব-স্ব কার্যকর চাকরিকালের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে এবং কার্যকর চাকরিকাল একই বা সমান হইলে তাহাদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের এবং উক্ত বৎসর একই হইলে বয়সের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

১২। **পদোন্নতি।**—আত্তীকৃত কোনো শিক্ষক ও কর্মচারীগণের পদোন্নতিযোগ্য স্থানান্তরিত পদসমূহে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল ও কলেজ) এ কর্মরত আত্তীকৃত শিক্ষক ও কর্মচারীগণ পদোন্নতির জন্য বিবেচিত হইবেন এবং উক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল ও কলেজ) সরকারিকরণের অব্যবহিত পূর্বের, ক্ষেত্রমত, বিষয় বা পদভিত্তিক জ্যেষ্ঠতার ভিত্তিতে, সরকার কর্তৃক নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে, পদোন্নতি প্রদান করা যাইবে।

১৩। **বদলি।**—এডহক নিয়োগপ্রাপ্ত বা আত্তীকৃত শিক্ষক ও কর্মচারীগণের চাকরি বদলিযোগ্য হইবে না।

১৪। **পেনশন।**—(১) এই বিধিমালার অধীন এডহক নিয়োগের পরের চাকরিকাল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কার্যকর চাকরিকাল পেনশনযোগ্য চাকরি হিসাবে গণনা করা হইবে এবং আত্তীকৃত শিক্ষক ও কর্মচারী সরকারি বিধি অনুযায়ী পেনশন প্রাপ্য হইবেন।

(২) এই বিধিমালার অধীন প্রাপ্য গ্রাচুইটি হইতে পূর্বে উত্তোলিত গ্র্যাচুইটির অর্থ সমন্বয় করা হইবে এবং যদি পূর্বে উত্তোলিত গ্র্যাচুইটির অর্থ বর্তমানে প্রাপ্য গ্র্যাচুইটির অর্থ হইতে কম বা বেশি হয় তাহা সমন্বয়পূর্বক কার্যকর চাকরিকালের সহিত সরকারিকরণের পর কৃত সময় সমন্বয় করিয়া প্রচলিত বিধি মোতাবেক পেনশন ও গ্র্যাচুইটি নির্ধারিত হইবে।

১৫। **অস্পষ্টতা দূরীকরণ।**—সরকার, এই বিধিমালা জারি হইবার পর কোনো বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হইলে তাহা প্রজ্ঞাপন, পরিপত্র বা আদেশ জারির মাধ্যমে স্পষ্টীকরণ করিতে পারিবে।

১৬। **রহিতকরণ ও হেফাজত।**—(১) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক বিগত ১৫ মে, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় Teachers and Non-Teacheing Staff of Nationalised High Schools (Directorate of Secondary and Higher Education) Absorption Rules, 1983, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপ বিলুপ্ত হওয়া সত্ত্বেও,—

(ক) বিলুপ্তির পূর্বে উক্ত Rules এর অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে—

(অ) এই বিধিমালার কার্যকরতার তারিখ এবং ইহার জারির তারিখের অন্তর্বর্তীকালীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ, যদি থাকে, এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা রহিত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা রহিত হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোলেমান খান**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd